



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪৪০০.০১৭.২৭.০০২.২০২১- ৪২৬

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ০৬নং গান্ধী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: নাসির উদ্দীন মালিতা, জনৈক জাকির হোসেন ওরফে শান্তি মন্ডলকে বোমা মেরে মারাত্মকভাবে জখম করায় এবং পরবর্তীতে উক্ত আহত ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করার অভিযোগে বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-১ ঝিনাইদহ বিচারাধীন এস টি সি-১০৯/১১ এবং এস সি ৪৫/১৩নং মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ০৬নং গান্ধী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: নাসির উদ্দীন মালিতা, জনৈক জাকির হোসেন ওরফে শান্তি মন্ডলকে বোমা মেরে মারাত্মকভাবে জখম করায় এবং পরবর্তীতে উক্ত আহত ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করার অভিযোগে বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত-১ ঝিনাইদহ বিচারাধীন এস টি সি-১০৯/১১ এবং এস সি ৪৫/১৩নং মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ০৬নং গান্ধী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: নাসির উদ্দীন মালিতা কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

Ajfar ১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪৪০০.০১৭.২৭.০০২.২০২১- ৪২৬

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ মে ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: নাসির উদ্দীন মালিতা, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৬নং গান্ধী ইউনিয়ন পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Ajfar ১৭/৫/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব